


এই সম্পর্কে আপনার যা জানা উচিত: ইলেকট্রনিক ভিজিট ভেরিফিকেশন (Electronic Visit Verification, EVV)



যে প্রধান বিষয়টি আপনার জানা প্রয়োজন:
**ইভিভি (EVV)-এর জন্য আপনার সেবা
পরিবর্তন হবে না।**

- যে **পরিষেবাগুলো** আপনি গ্রহণ করবেন, সেগুলো পরিবর্তন হবে না।
- যে **পরিমাণ** আপনি পরিচর্যা গ্রহণ করবেন, সেটি পরিবর্তন হবে না।
- যে **অবস্থানে** আপনি পরিষেবা গ্রহণ করবেন, সেটি পরিবর্তন হবে না।

আপনি কোথায় আরও জানতে পারেন?

যদি আপনি ইভিভি (EVV) সম্পর্কে আরও জানতে চান, অনুগ্রহপূর্বক দেখুন:

https://www.health.ny.gov/health_care/medicaid/rede-sign/evv/index.htm.

যদি আপনার নিউ ইয়র্কের ইভিভি (EVV) নিয়ম-কানুন সম্পর্কে সাধারণ কোন প্রশ্ন থাকে, তবে আপনি সেগুলোকে এই ঠিকানাতে পাঠাতে পারেন:

EVVHelp@health.ny.gov.

যদি আপনার কোন উদ্বেগ থাকে তবে
আপনি কার সঙ্গে কথা বলতে পারেন?

যদি ইভিভি (EVV) কিংবা যেভাবে শুষ্কাকারী তথ্য রিপোর্ট করে সে সম্পর্কে আপনার কোন উদ্বেগ কিংবা প্রশ্ন থাকে, অনুগ্রহপূর্বক আপনার ব্যক্তিগত শুষ্কাকারী কিংবা গৃহে স্বাস্থ্যসেবা প্রদানকারীর সঙ্গে যোগাযোগ করুন। যদি আপনি গ্রাহক নির্দেশিত ব্যক্তিগত সহায়তা প্রোগ্রামের মাধ্যমে কোন পরিষেবা গ্রহণ করেন, তবে আপনার আর্থিক মধ্যস্থতাকারীর সঙ্গে যোগাযোগ করুন।

এছাড়াও আপনি আপনার পরিচালিত পরিষেবা পরিকল্পনা কিংবা স্থানীয় সামাজিক পরিষেবা অধিদপ্তরের সাথে যোগাযোগ করতে পারেন যদি আপনার জন্য অনুমোদিত Medicaid পরিষেবাগুলো সম্পর্কে আপনার কোন প্রশ্ন থাকে।

ইভিভি (EVV) কী?

ইভিভি (EVV) হল আপনি যে Medicaid পরিষেবাগুলো গ্রহণের জন্য অনুমোদন পেয়েছেন তা নিশ্চিত করার জন্য প্রযুক্তি ব্যবহার করার একটি উপায়। আপনার শুষ্কাকারী আপনার ভিজিটের সময় প্রতিটি ভিজিট সম্পর্কিত তথ্য রিপোর্ট করার জন্য ইভিভি (EVV) ব্যবহার করবেন।

আপনার শুষ্কাকারী এই তথ্য রিপোর্ট করবেন:

- আপনার ভিজিটের তারিখ
- ভিজিট শুরু এবং শেষ হওয়ার সময়
- ভিজিটের সময় আপনি যে ধরনের পরিষেবা গ্রহণ করেন
- ভিজিটের সময় যে ব্যক্তি পরিষেবাগুলো প্রদান করে তার নাম
- পরিষেবা গ্রহণকারী হিসাবে আপনার নাম
- ভিজিটের স্থান

“হোম” কিংবা “কমিউনিটি” শব্দ ব্যবহার করে আপনার ভিজিটের অবস্থান রিপোর্ট করা হবে। Medicaid প্রোগ্রামটি আপনি যেখানে পরিষেবাগুলো গ্রহণ করেন তার ঠিকানা সংগ্রহ করবে না। **ফেডারেল এবং স্টেটের আইনগুলো অনুসারে আপনার ব্যক্তিগত তথ্য সর্বদা সংরক্ষণ করা হবে।**

কিভাবে পরিষেবা প্রদানকারী ইভিভি (EVV) ব্যবহার করবেন?

আপনার প্রদানকারী পছন্দ করবেন কিভাবে আপনার শুষ্কাকারী তথ্য রিপোর্ট করে। রিপোর্টিং টুলগুলোর মধ্যে এই সকল বিকল্পগুলো অন্তর্ভুক্ত থাকতে পারে:

- একটি স্মার্ট ফোন কিংবা ট্যাবলেটে একটি মোবাইল অ্যাপ
- আপনার গৃহে অবস্থিত কোন স্থির বস্তু (যাকে ফব বলা হয়)
- একটি টেলিফোন (সাধারণত একটি ল্যান্ডলাইন), কিন্তু যদি কিনা আপনি শুধুমাত্র আপনার শুষ্কাকারী দ্বারা আপনার টেলিফোন ব্যবহার করার অনুমতি প্রদান করেন

শুধুমাত্র আপনার শুষ্কাকারী ইভিভি (EVV) সম্পন্ন করতে পারেন। আপনার শুষ্কাকারীর জন্য ইভিভি (EVV) সম্পন্ন করা আপনার উচিত নয়।

কোন পরিষেবা প্রোগ্রামগুলো ইভিভি (EVV) ব্যবহার করবে?

আপনি গৃহে বসে নিম্নলিখিত পরিষেবাগুলো গ্রহণ করতে পারেন যার জন্য ইভিভি (EVV) প্রযোজ্য:

- ব্যক্তিগত সেবামূলক পরিষেবা 1 জানুয়ারি, 2021 থেকে কোন লাইসেন্সধারী গৃহ স্বাস্থ্য সেবা প্রদানকারী এজেন্সি থেকে;
- 1 জানুয়ারি, 2021 থেকে শুরু করে গ্রাহক নির্দেশিত ব্যক্তিগত সহায়তা পরিষেবা
- গৃহ স্বাস্থ্যমূলক পরিষেবা 1 জানুয়ারি, 2023 থেকে কোন প্রত্যয়িত গৃহ স্বাস্থ্য সেবা প্রদানকারী এজেন্সি থেকে।